# নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১

মাধবদী, নরসিংদী

Web : pbs1.narsingdi.gov.bd

Email: narsingdipbs1@yahoo.com

ISO 9001: 2015 CERTIFIED

স্মারক নং-২৭.১২.৬৮৬০.৫৩৩.০২.০০৮.২০২৪. ৬১৭১

তারিখঃ ২৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ।
১১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ।

## "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ নিম্নবর্ণিত শুণ্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ এবং "নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত:২০১২)" অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত লাইনম্যান গ্রেড-১ পদের কর্মচারীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A4 সাইজের কাগজে) স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম | পদ সংখ্যা | বেতন ও অন্যান্য ভাতা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| **লাইন টেকনিশিয়ান** | ০৬ (ছয়) জন (কম/বেশী) | পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ অনুযায়ী বেতন ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। | ক) এস.এস.সি বা সমমান (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) পাশসহ লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসেবে ০৩ (তিন) বৎসরসহ কমপক্ষে ১০ (দশ) বৎসর চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষনাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে।<br>ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা ও বিতরণ লাইনের রক্ষনাবেক্ষণ কাজে জ্ঞান থাকতে হবে।<br>ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>চ) প্রার্থীকে অবশ্যই পোলের ওপর উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।<br>(ছ) কম্পিউটার পরিচালনা সম্পর্কে জ্ঞান থাকতে হবে।<br>চ) অধীনস্থ লাইনক্রুগণকে নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।<br>ছ) প্রার্থীর লাইনম্যান গ্রেড-১ পদের সর্বশেষ ০৩(তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। |

**আবেদনপত্র দাখিলের নিয়মাবলীঃ**

বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট পবিস নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পন্ন আবেদনকারী-কে খামের উপরে পদের নাম উল্লেখপূর্বক সাদা কাগজে (A4 সাইজ) স্বহস্তে বাংলায় (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) শিক্ষাগত যোগ্যতা, (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (৫) সংশ্লিষ্ট পদে চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখপূর্বক আবেদন করতে হবে। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকার নরসিংদী সদর (মাধবদী পৌরসভা এবং আমদিয়া, মেহেরপাড়া, পাঁচদোনা, শীলমান্দি, চিনিশপুর, নুরালাপুর, কাঁঠালিয়া, মহিষাশুড়া ও পাইকারচর ইউনিয়ন), পলাশ উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

**আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি, বিগত ০৩ (তিন) বৎসরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি, বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরন পত্রের সত্যায়িত ফটোকপি, প্রযোজ্য ক্ষেত্রে পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণের সত্যায়িত ফটোকপি, শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি এবং সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে) এবং বর্তমানে কোন তদন্ত প্রক্রিয়াধীন/ফৌজদারী মামলা চলমান আছে কি-না তা উল্লেখপূর্বক বিনা আপত্তির সনদ ও পদোন্নতির সুস্পষ্ট সুপারিশ সম্বলিত আবেদনপত্রসহ আগামী ২৯/০৯/২০২৪ খ্রিঃ তারিখ রোজ রবিবার সকাল ১০:০০ ঘটিকায় স্ব-শরীরে নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১, মাধবদী, নরসিংদী সদর দপ্তরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, সকল কাগজ পত্র সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

(অঃপৃঃদ্রঃ)

**শর্তাবলী:**

০১। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী যে সকল প্রার্থী নিম্নবর্ণিতভাবে (ক থেকে জ পর্যন্ত) দন্ড প্রাপ্ত হয়েছে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছরে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(খ) সর্বশেষ ০১ (এক) বছরে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড ও একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তানুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীট এর আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কাল কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবে না।

(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

০২। অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।

০৩। বর্তমান পদের বিপরীতে যে ঠিকানায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন, বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে উক্ত ঠিকানাই স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য হবে।

০৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব" হিসেবে নিয়োগ করা হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কাজের মান সন্তোষজন এবং সংশোধিত পবিস নির্দেশিকা এবং "নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত:২০১২)" অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্বতন পদে প্রত্যাবর্তন অথবা পবিস নির্দেশিকা/ নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত:২০১২) অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৫। চলতি দায়িত্বে থাকাকালীন পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ ও সর্বশেষ পবিস এর বেতনের প্রত্যায়ন পত্র অনুযায়ী মূল বেতন ও অন্যান্য ভাতাদি প্রদান করা হবে।

০৬। তথ্য গোপন করে কেহ নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে চাকুরীচ্যুত করণসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

০৭। বর্ণিত পদে প্রার্থীকে পদোন্নতি/নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখ্যান করতে পারবেন।

০৮। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯। যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র পবিসের কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত এবং নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত গলে গণ্য হবে।

১১/৯/২৪
**(আবু বকর শিবলী)**
জেনারেল ম্যানেজার
০১৭৬৯ ৪০০০৫৬

**অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়।**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃঅঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি, বাপবিবোর্ড, ঢাকা। ( ওয়েবসাইটে প্রকাশের জন্য)

০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার............................. পবিস-১/২/৩/৪।

০৪। ডিজিএম, সদর দপ্তর-কারিগরী/মাধবদী/ঘোড়াশাল জোনাল অফিস, নরসিংদী পবিস-১।

০৫। এজিএম (ওএন্ডএম), তালতলী সাব জোনাল অফিস, নর-পবিস-১।

০৬। এজিএম (প্রশাসন/অর্থ/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি), নর-পবিস-১।

০৭। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (pbs1.narsingdi.gov.bd অথবা reb.gov.bd),নরসিংদী পবিস-১।

০৮। অফিস কপি/মাস্টার কপি।